



বাংলা জার্নাল অব ইন্টারডিসিপ্লিনারি সায়েন্সেস

The Bangla Journal of Interdisciplinary Sciences

সম্পাদকীয়

আধুনিক বিশ্বে প্রতিদিনের বাস্তবতায় বিজ্ঞান আমাদের নিত্যসঙ্গী। একে বিজ্ঞানের বাস্তব প্রয়োগত দিক বলা যায়। অন্যদিকে বর্তমানে বিজ্ঞানের সাথে অন্যান্য বিষয়গুলো এমনভাবে যুক্ত হয়ে পড়েছে যে, বিজ্ঞানের একটা প্রাথমিক ধারণা ছাড়া আধিকাংশ আলোচ্য বিষয়ই সঠিকভাবে বোঝা যায় না।

বাংলায় বিজ্ঞান-চর্চার অন্যতম বড় বাধা হলো ভাষা। অনুন্নত দেশগুলির তুলনায় উন্নত দেশগুলিতে আধুনিক বিজ্ঞান অনেকদূর এগিয়ে গিয়েছে। বাংলা ভাষায় বিজ্ঞানের ওপর লেখার পরিমাণ খুবই কম। এছাড়া এ ভাষায় বিজ্ঞান-চর্চার প্রাতিষ্ঠানিক শিক্ষায় মূলত চিরায়িত বিজ্ঞানকেই প্রাধান্য দেওয়া হয়। অন্যদিকে আধুনিকযুগে বিজ্ঞানের যে বিকাশ বা এর যে নব নব উদ্ভাবন হয়েছে, তার ওপর বাংলায় গবেষণাধর্মী লেখা প্রায় চোখেই পড়ে না। কিন্তু আধুনিক বিজ্ঞানের রূপরেখা বিশ্লেষণ ও প্রয়োগ ছাড়া মানবজীবনের কোনো ধরনের উন্নতির কথা আমরা চিন্তাই করতে পারি না। পৃথিবীর প্রায় ৩০০ মিলিয়ন মানুষ বাংলা ভাষায় কথা বলে। আরো প্রায় ৩৭ মিলিয়ন মানুষ বাংলাকে দ্বিতীয় ভাষা হিসেবে ব্যবহার করে। ইংল্যান্ডে প্রায় সাড়ে ছয় লক্ষ বাংলাভাষী বসবাস করে। আমেরিকায় এ সংখ্যা দুই লক্ষেরও অধিক। আর মধ্যপ্রাচ্যে বসবাস করছেন প্রায় আট মিলিয়ন বাংলাভাষী। সমগ্র বিশ্বে সবচেয়ে বেশি মানুষ কথা বলে যে ভাষায়, তার তালিকায় বাংলা ভাষার অবস্থান সপ্তম। তাই পৃথিবীর অন্যান্য ভাষার পাশাপাশি বাংলা ভাষায়ও বিজ্ঞান-চর্চার যথেষ্ট গুরুত্ব রয়েছে।

বর্তমানে বাংলা ভাষায় বিজ্ঞান-চর্চার দীনতা খুবই দুঃখজনক। এ ভাষায় অনলাইনে বিজ্ঞান-চর্চা এতই কম যে, তা প্রায় চোখেই পড়ে না। ভারত থেকে কয়েকটি অনলাইন জার্নাল প্রকাশ হলেও, বাংলাদেশ থেকে প্রকাশিত কোনো অনলাইন জার্নাল এখন পর্যন্ত চোখে পড়েনি। সুতরাং এ কথাটি নির্দিধায় বলা যায়, বাংলা ভাষায় অনলাইন জার্নালের মাধ্যমে বিজ্ঞান-চর্চার দ্বার উন্মোচিত হলে সমগ্র বিশ্বের বাংলাভাষীরা পৃথিবীর যে কোনো প্রান্তে বসে, যে কোনো সময় বিজ্ঞান বিষয়ক নানা তথ্য সম্পর্কে অবহিত হতে পারবেন। এভাবেই উঠতি ও আগামী প্রজন্মের জন্য বাংলায় বিজ্ঞান বিষয়ক জার্নাল বিজ্ঞান-চর্চার এক বিশাল উৎসে পরিণত হবে বলে আমি মনে করি। বিশ্বের যে কোনো প্রান্তে বসবাসরত বিজ্ঞানে উচ্চশিক্ষিত বাঙালিদের কাছে এ ধরনের আরো উদ্যোগ গ্রহণ করার জন্য আমাদের আহ্বান রইল। জার্নালটি প্রকাশের মূল লক্ষ্য হলো:

- বাংলায় বিজ্ঞান-চর্চাকে আরো জনপ্রিয় করে তোলা।
- যাঁরা বাংলাতে বিজ্ঞান-চর্চা করেন এবং লেখেন, তাঁদের লেখা প্রকাশের সুযোগ করে দেওয়া।
- বিশেষত বর্তমানের তরুণ প্রজন্মকে বাংলায় বিজ্ঞান বিষয়ে লেখায় উৎসাহিত করা।

- সারা বিশ্বের বাংলাভাষীদের জন্য বাংলায় বিজ্ঞান-চর্চার সুযোগ সৃষ্টি করা।
- পৃথিবীর বিভিন্ন দেশে বসবাসরত অনেক বাংলাভাষী বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে গবেষণা করছেন, তাঁদেরকে এ ধরনের উদ্যোগে অংশ নেয়ার জন্য উৎসাহিত করা।
- বর্তমানে বিজ্ঞানে তৈরি হয়েছে অসংখ্য নতুন পরিভাষা। কিন্তু বাংলাতে সে ধরনের পরিভাষা তৈরি হয়নি; যা বাংলায় বিজ্ঞান-চর্চার একটি বড় সমস্যা। অনলাইনে বাংলায় বিজ্ঞান বিষয়ক জার্নাল প্রকাশের পাশাপাশি বিজ্ঞানের বিভিন্ন পরিভাষার তালিকা তৈরি করার একটি পরিকল্পনাও আমরা গ্রহণ করেছি।

রাগিব আহসান খান

ভিয়েনা, অস্ট্রিয়া (মার্চ ২৬, ২০২০)